“শেষ যুগে আমার উম্মতের মধ্যে এমন কিছু লোকের আবির্ভাব ঘটবে যারা তোমাদের এমন হাদীস শোনাবে যা তোমরা কিংবা তোমাদের পূর্বপুরুষরা কেউ শোনেনি। অতএব তোমরা সাবধান থাকবে এবং তাদেরও সাবধান রাখবে।

আবূ হুরাইরাহ রাদিয়াল্লাহু আনহু হতে বর্ণিত, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু ‘আলাইহি ওয়া সাল্লাম বলেছেন, “শেষ যুগে আমার উম্মতের মধ্যে এমন কিছু লোকের আবির্ভাব ঘটবে যারা তোমাদের এমন হাদীস শোনাবে যা তোমরা কিংবা তোমাদের পূর্বপুরুষরা কেউ শোনেনি।
অতএব তোমরা সাবধান থাকবে এবং তাদেরও সাবধান রাখবে। [সহীহ] [এটি মুসলিম বর্ণনা করেছেন।]

নবী সাল্লাল্লাহু ‘আলাইহি ওয়াসাল্লাম সংবাদ দিয়েছেন, আমার উম্মতের শেষ জমানায় কিছু লোকের আবির্ভাব ঘটবে যারা মিথ্যা রচনা করবে এবং তারা এমন কথা বলবে যা তাদের পূর্বে কেউ বলেনি। তারা মিথ্যা ও বানোয়াট হাদীস সম্পর্কে সংবাদ দিবে। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু ‘আলাইহি ওয়াসাল্লাম আমাদের নির্দেশ দিচ্ছেন যে, আমরা তাদের থেকে দূরে থাকবো এবং তাদের সাথে বসবো না এবং তাদের হাদীস শুনবো না, যেন সেই বানানো হাদীস অন্তরে বদ্ধমূল না হয়ে যায়, যা থেকে মুক্ত হওয়া কঠিন হয়ে যাবে।

https://sunnah.global/hadeeth/bn/show/65076